দৈনিক ইনকিলাব

FEB. 1 5 2001
তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ কলাম ৮ ......

# চলতি শিক্ষাবর্ষের পাঠ্য তালিকা থেকে ফররুখ আহমদ সৈয়দ আলী আহসান ও আহসান হাবিব বাদ

**আহমদ সেলিম রেজা ঃ** ২০০১ শিক্ষাবর্ষে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক কর্তৃপক্ষ পাঠ্য তালিকা থেকে বাদ দিয়েছেন বাংলা সাহিত্যের মূলধারার প্রধান তিন স্তম্ভ, জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রধান তিন কবিকে। তন্মধ্যে রয়েছেন মুসলিম রেনেসাঁর কবি ফররুখ আহমদ, চল্লিশের দশকের প্রধান কবি আহসান হাবিব ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং আধুনিক বাংলা সাহিত্যে, জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কবি সৈয়দ আলী আহসান। ডঃ কুদরত-এ-খোদা শিক্ষা কমিশনের দর্শন অনুযায়ী জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য তালিকা থেকে ইসলামী চেতনা ও মুসলিম মানস গঠন উপযোগী সকল লেখা ও লেখককে ছেঁটে ফেলার ষড়যন্ত্রের অংশ হিসেবে এবার বাংলা সাহিত্যের মূলধারার প্রধান প্রবাহ সৃষ্টিকারী তিন কবিকে বাদ দেয়া হলো।

উল্লেখ্য, ২০০১ শিক্ষাবর্ষে প্রণীত ৬ষ্ঠ শ্রেণীর বাংলা পাঠ্যপুস্তক 'চারুপাঠ' থেকে আধুনিক বাংলা সাহিত্যের মুসলিম পুনর্জাগরণবাদী এই তিন প্রধান কবিকে বাদ দিয়ে রমেশ দাস গুপ্ত, হাবিবুর রহমান, আতোয়ার রহমান, মহাদেব সাহাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণীর 'চারুপাঠ' বাংলা বই-এ সৈয়দ আলী আহসানের 'কে' কবিতার পরিবর্তে হাবিবুর রহমানের 'সকাল', ফররুখ আহমদের 'ফাগুনের গান' কবিতার পরিবর্তে আতোয়ার রহমানের 'ঠিকানা' এবং আহসান হাবিবের 'আহবান' কবিতার পরিবর্তে মহাদেব সাহার 'হে কিশোর শোন' কবিতা সংযোজন করা হয়েছে।